# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**13 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) নবগঠিত আসাম বিধানসভার অধিবেশন আগামী ২১শে মে থেকে আয়োজনের সিদ্ধান্ত/

(২) বিজেপির নির্বাচনী ইস্তাহারকে এখন থেকে রাজ্য সরকারের নীতি নির্ধারণের ভিত্তি হিসেবে গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) সি বি এস ই-'র দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা/

এবং

(৪) মণিপুরের কাংপকপি জেলায় আজ সকাল দশটা নাগাদ অজ্ঞাতপরিচয় বন্দুকধারীরা দুটি বাহনকে লক্ষ্য করে গুলি চালালে তিনজন অসামরিক লোক নিহত এবং চারজন আহত/

------------------------------------------------------------------------------------

নবগঠিত আসাম সরকারের প্রথম বিধানসভা অধিবেশন আগামী ২১, ২২, ২৫ এবং ২৬শে মে অনুষ্ঠিত হবে । এই অধিবেশনে নবনির্বাচিত বিধায়কগণ শপথ নেবেন । অধিবেশনের পর মন্ত্রীসভার সম্প্রসারণ করা হবে । গুয়াহাটির কইনাধরার রাজ্য অতিথিশালায় অনুষ্ঠিত ডঃ হিমন্তবিশ্ব শর্মা সরকারের দ্বিতীয় কার্যকালের মন্ত্রীসভার প্রথম বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী একথা জানান । তিনি আরো বলেন যে- এই অধিবেশনে চন্দ্রমোহন পাটোয়ারি অস্থায়ী অধ্যক্ষ হিসেবে থাকবেন। নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণের পর প্রবীণ বিধায়ক রঞ্জিত কুমার দাসকে অধ্যক্ষের দায়িত্ব দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

#বাইট#

ডঃ শর্মা বলেন যে- বিধানসভা নির্বাচনের অন্তিম দিনে অর্থাৎ আগামী ২৬শে মে অভিন্ন দেওয়ানি বিধি উত্থাপন করা হবে । মন্ত্রীসভা আজ অভিন্ন দেওয়ানি বিধির খসড়ায় অনুমোদন জানিয়েছে । এই খসড়া অনুসারে পার্বত্য এবং সমতল উপজাতির লোকেদের অভিন্ন দেওয়ানি বিধির আওতার বাইরে রাখা হবে বলে তিনি প্রকাশ করেছেন । ডঃ শর্মা বলেন যে- বিজেপির নির্বাচনী ইস্তাহারটি এখন থেকে রাজ্য সরকারের নীতি নির্ধারণের ভিত্তি হিসেবে গ্রহণ করার জন্যে মন্ত্রীসভা আজ সিদ্ধান্ত গ্রহণ করেছে । মন্ত্রীসভা পরবর্তী পাঁচ বছরে নতুন করে দুই লক্ষ সরকারী চাকরির নিযুক্তি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যের মুখ্য সচিবের নেতৃত্বে একটি কর্মবাহিনী গঠনের সিদ্ধান্ত নিয়েছে । এই কর্মবাহিনী আগামী তিনমাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

#বাইট#

আজকের বৈঠকে ডঃ ভূপেন হাজারিকার শতবর্ষের জন্মজয়ন্তী সমারোহের সমাপ্তি অনুষ্ঠান আগামী ৮ সেপ্টেম্বর নতুনদিল্লিতে আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয় । এছাড়া কলাক্ষেত্রে ৩২ কোটি টাকা ব্যয়সাপেক্ষে ভূপেন হাজারিকার সংগ্রহালয় স্থাপন করার উদ্দেশ্যে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে । মন্ত্রীসভা একইসঙ্গে ব্যয় সংকোচনের ব্যবস্থার অংশ হিসেবে নতুন মন্ত্রীদের জন্য আগামী ছ'মাস নতুন বাহন না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। আগামী ছ'মাস মন্ত্রী-আধিকারিক এবং কর্মচারীরা বিদেশ ভ্রমণ করতে পারবেননা । শুধুমাত্র চিকিৎসা সংক্রান্ত কারণেই বিদেশ ভ্রমণের অনুমতি দেওয়া হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার সংঘর্ষের পরিপ্রেক্ষিতে ব্যয় হ্রাস করার জন্যে জানানো সাতটি অনুরোধ অনুযায়ী রাজ্যপাল থেকে আরম্ভ করে সকল পর্যায়ের সরকারী আধিকারিকের কনভয়ের বাহনের সংখ্যা হ্রাস করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । অনুরূপভাবে বিদেশী মুদ্রা সঞ্চয়ের জন্যে পরবর্তী ছ'মাসের জন্য বিদেশী সামগ্রী ক্রয় না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এছাড়া সকল আলোচনা চক্র, কর্মশালা ইত্যাদি ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আয়োজন করা হবে বলে মন্ত্রীসভার বৈঠকের শেষে ডঃ শর্মা জানিয়েছেন । মন্ত্রীসভা পরবর্তী পাঁচ বছরের জন্য দেবজিৎ শইকিয়াকে রাজ্য সরকারের প্রধান পাব্লিক প্রসিকিউটর হিসেবে পুনরায় নিযুক্তি দিয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অর্থনৈতিক স্বাবলম্বিতা এবং দায়িত্বশীল রাষ্ট্র গঠনের আহ্বানের প্রতি সর্মথন জানিয়ে রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য্য রাজ্যে ইন্ধন সংরক্ষন এবং বহনক্ষম জীবন ধারার প্রসারের উদ্দেশ্যে বিভিন্ন ব্যবস্থা ঘোষনা করেছেন । শ্রীআচার্য্য জানান যে , রাজ্যপালের ভ্রমনের গাড়ির সংখ্যা ৭০ শতাংশ হ্রাস করা হবে । এছাড়াও রাজ্যপাল লোকভবনের বিদ্যুৎ সাশ্রয় করার জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহন করেছেন । এর আগে রাজ্যপাল শ্রী আচার্য্য সম্পদের সংরক্ষন এবং প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টার অংশ হিসেবে ইন্ধনের ব্যবহার ১০ শতাংশ হ্রাস করার পদক্ষেপ নিয়েছিলেন । রাজ্যপালের এই উদ্যোগে , বিভিন্ন প্রতিষ্ঠান ও জনসাধারণের মধ্যে বৃহত্তর জাতীয় স্বার্থে দায়িত্বশীল ও পরিবেশ বান্ধব অভ্যাস গড়ে তুলতে অনুপ্রেরণা যোগাবে বলে আশা করা হচ্ছে।

-----------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্টের বিচারপতি পার্থিবজ্যোতি শইকিয়ার বিচারপীঠ আজ জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের জন্যে অনুরোধ জানিয়ে দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করতে অস্বীকার করেছে । পার্থিবজ্যোতি শইকিয়ার বিচারপীঠ অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন হাইকোর্টের অপর একটি বিচারপীঠের তালিকাভুক্ত করার নির্দেশ দিয়েছে । জুবিন গর্গের মৃত্যুর মামলায় আসাম সরকারের হয়ে প্রতিনিধিত্ব করা বিশেষ পাব্লিক প্রসিকিউটর জিয়াউল কামার জানিয়েছেন যে- পরবর্তী পর্যায়ে গৌহাটি হাইকোর্টের পঞ্জীয়ক এই অভিযুক্তের জামিন আবেদন কোন বিচারপীঠের তালিকাভুক্ত হবে, তা নির্ধারণ করবেন ।

উল্লেখ্য- বাক্সা জেলার কারাগারে বন্দী অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন গত সোমবার হাইকোর্টে দাখিল করার পর বিচারপতি পার্থিজ্যোতি শইকিয়ার বিচারপীঠে এই আবেদনের শুনানি তালিকাভুক্ত করা হয়েছিল । গত ৩০ শে এপ্রিল বিচারপতি শর্মিলা ভুইঞার ফাস্টট্র্যাক আদালত শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করে দেয় । এবং অপর এক অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার জামিনের আবেদন গত চৌঠা মে নাকচ করে দেয় ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ- সি বি এস ই'র আওতায় দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে । ছাত্রছাত্রীরা নিজেদের রোল নম্বর দিয়ে আনুষ্ঠানিক ওয়েবসাইট, ডিজিলকার এবং উমঙ্গ এ্যাপ'এর মাধ্যমে ফলাফল জানতে পারবে । সি বি এস ই'র পক্ষ থেকে জারী করা এক বিবৃতি অনুসারে এইবারের পরীক্ষায় অবতীর্ণ ১৭

লক্ষ ৬৮ হাজারেরও বেশি শিক্ষার্থীর মধ্যে ১৫ লক্ষ ৭ হাজারেও বেশি উত্তীর্ণ হয়েছে। পাশের সামগ্রিক হার ৮৫ দশমিক ২-০ শতাংশ ।

---

মণিপুরের কাংপকপি জেলায় আজ সকাল দশটা নাগাদ অজ্ঞাতপরিচয় বন্দুকধারীরা দুটি বাহনকে লক্ষ্য করে গুলি চালালে তিনজন অসামরিক লোকের মৃত্যু হয়েছে এবং অপর চারজন আহত হয়েছেন । মণিপুর পুলিশ সূত্রে জানা গেছে যে- ও জেলার কটলেন এবং কটজিম গ্রামের মধ্যের জিরো পয়েন্ট অঞ্চলে চূড়াচান্দপুরের একটি গীর্জার অনুষ্ঠান থেকে ফিরে আসার সময়ে থাদউ ব্যাপ্টিস্ট এ্যাসোসিয়েশনের এসব লোকেদের উপর দুর্বৃত্তরা অতর্কিতে হামলা চালায় । ঘটনার খবর পেয়ে নিকটবর্তী পুলিশ থানা থেকে একটি দল এসে আহতদের উন্নত চিকিৎসার জন্য পশ্চিম ইম্ফালের সিজা হাসপাতালে পাঠিয়েছে । মণিপুরের মুখ্যমন্ত্রী যুমনাম খেমচান্দ সিংহ, উপ-মুখ্যমন্ত্রী ল'সি দিখো, গৃহমন্ত্রী গোবিনদাস কনথৌজাম সহ অন্যান্য আধিকারিকরা হাসপাতালে গিয়ে আহতদের স্বাস্থ্যের খোঁজখবর নিয়েছেন । এক বার্তায় মুখ্যমন্ত্রী এই আক্রমণের ঘটনার নিন্দা জানিয়ে রাজ্য সরকার আহতদের সকল চিকিৎসা ব্যয় বহন করবে বলে জানিয়েছেন । এদিকে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড কে সাংমা এবং নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও-ও এই আক্রমণের নিন্দা জানিয়েছেন ।

---

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা , সি বি আই চিকিৎসা বিজ্ঞানে পাঠ্যক্রমের নামভর্তির নীট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং এ সংক্রান্ত রাজস্থান পুলিশের বিশেষ দল আটক করা ২৪ জন ব্যাক্তিকে জিঙ্গাসাবাদ করার জন্য জয়পুর পৌছেছে । এদিকে তদন্তের অংশ হিসেবে বিশেষ তদন্তকারী গোষ্টী বিভিন্ন লোককে জেরা করছে ।

---

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে ভাইরাল হেপাটাইটিস -এ ও ই সহ ডায়ারিয়া , কলেরা , টাইফয়েড ও আমাশয়ের মতো জলবাহিত  রোগের সম্ভাব্য ঝঁকির বিষয়ে জনসাধারনকে সচেতন থাকতে আহ্বান জানানো হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে বর্ষাকালে অতিবৃষ্টির ফলে পানীয় জলের উৎস দূষিত হওয়া এবং পয়:নিষ্কাশন ব্যবস্থার অবনতির কারনে সংক্রামক রোগের প্রকোপ বেড়ে যায় । এ ক্ষেত্রে জনসাধারনকে নিরাপদ পানীয় জল ব্যবহার , খাদ্য নিরাপত্তা বজায় রাখা , ব্যাক্তিগত পরিচ্ছন্নতা এবং পরিবেশগত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরন করতে বলা হয়েছে ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর কাঠাল রোড থেকে বাইপাস জাতীয় সড়ক পর্য্যন্ত সড়ক সংস্কার কাজের জন্য আগামীকাল থেকে আগামী ৩১শে মে পর্য্যন্ত সড়ক সংস্কার কাজের জন্য , এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । সড়ক সংস্কারের এই সময়কালে কাঠাল রোডের পাশ্ববর্তী বিকল্প সড়ক দিয়ে যানবাহন চলাচল করতে পারবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------